দৈনিক ইত্তেফাক

তারিখ ... 11 FEB 1991 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... ৭ ...

17

## বিশ্ববিদ্যালয়ে ভর্তি প্রসঙ্গে

আমরা বেগম বদরুন্নেছা কলেজের ১৯৮৪-৮৫ শিক্ষাবর্ষে অর্থনীতি সম্মান শ্রেণীর ছাত্রী ছিলাম। আমাদের ১৯৮৭ সালের সম্মান পরীক্ষা ১৯৮৯ সনে অনুষ্ঠিত হয়। দীর্ঘ প্রায় আট মাস পর ফল প্রকাশিত হয়। ফল প্রকাশের ছয় মাসের মধ্যেও আমাদের মাষ্টার্স ডিগ্রী শেষপর্বে ভর্তির কোন ব্যবস্থা হইতেছে না। এদিকে আমাদের শিক্ষাবর্ষ প্রায় শেষের পথে। অথচ আমরা আমাদের ভর্তির ব্যাপারে বিশ্ববিদ্যালয়ে অর্থনীতি বিভাগের যথাযথ কর্তৃপক্ষের নিকট আবেদন-নিবেদন করিয়াও ইতিবাচক সাড়া পাই নাই। অন্যদিকে বদরুন্নেছা কলেজে অর্থনীতিতে শেষবর্ষ খোলার মত অবস্থা নাই। কিন্তু ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কলেজের ছাত্র-ছাত্রীরা তাদের কলেজে দুই তিন মাস যাবৎ ক্লাস করিতেছে। এদিকে আমরা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—লিপি, পুতুল, পান্না, জ্যোৎস্না, জলি, নিলু, দিনা, সুফিয়া, রত্না, পালু, কিশোরী বদরুন্নেসা কলেজ ঢাকা।